



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো রেস্তুরেন্ট, বার এবং অন্যান্য SLA দ্বারা লাইসেন্সকৃত সন্ধ্যার বন্ধ করার সময় রাজ্য ব্যাপী রাত 11-টা অবধি প্রসারিত করে নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন

*রাত 11-টার বন্ধের সময় জিম এবং ফিটনেস সেন্টার, ক্যাসিনো, বিলিয়ার্ডস হলগুলিতে, আজ থেকে কার্যকর*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক রাজ্য জুড়ে হাসপাতালে ভর্তি এবং সংক্রমণের হার ক্রমাগত কমে যাওয়ার কারণে, তিনি বার, রেস্তুরেন্ট, জিম এবং ফিটনেস সেন্টার, ক্যাসিনো, বিলিয়ার্ডস হল এবং অন্যান্য রাজ্য মদ কর্তৃপক্ষের লাইসেন্সকৃত প্রতিষ্ঠানগুলির বন্ধ করার সময় বাড়িয়ে রাত 10-টা থেকে রাত 11-টা করেছেন [নির্বাহী আদেশ 202.94](#) এ স্বাক্ষর করে।

"হাসপাতালে ভর্তি এবং ইতিবাচকতার হার ক্রমাগত হ্রাস পাচ্ছে, এবং ছুটির দিনের বৃদ্ধি পিছনে ফেলে আসার পরে আমাদের অবশ্যই অর্থনীতিকে নিরাপদে এবং দায়িত্বশীলভাবে পুনরায় খোলার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "সেই অনুযায়ী, আমি ইতিমধ্যে একটি নির্বাহী আদেশ স্বাক্ষর করেছি রেস্তুরেন্ট এবং পানশালার বন্ধ করার সময় রাজ্য ব্যাপী রাত 11-টা করতে, এবং এখন আমরা একই কাজ করবো জিম এবং ফিটনেস সেন্টার, ক্যাসিনো, বিলিয়ার্ডস হল এবং অন্য যে কোন স্থানের জন্য যাদের একটি স্টেট লকার অথরিটি (State Liquor Authority, SLA) লাইসেন্স আছে। আমরা এগিয়ে যাওয়ার সাথে সাথে, আমরা বিজ্ঞান এবং তথ্য অনুসরণ করতে থাকব এবং এই ধরনের পদক্ষেপ গ্রহণ করব যাতে আমরা অবশেষে স্বাভাবিক অবস্থায় ফিরে আসতে পারি।"

শুক্রবার গভর্নর ঘোষণা করেন যে রেস্তুরেন্ট এবং পানশালার জন্য সময় বন্ধ করার সময় রাত 10-টা থেকে রাত 11-টা অবধি প্রসারিত করা হবে রাজ্যব্যাপী, এবং এই নির্বাহী আদেশ জিম বা ফিটনেস সেন্টার, ক্যাসিনো, বিলিয়ার্ডস হল এবং যে কোন রাজ্য মদ কর্তৃপক্ষের লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য বন্ধ করার এই সময় বাড়িয়ে দেয়।

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)